


Total Pages : 14



B.A./6th Sem (H)/BEN/24(CBCS)

2024

6th Semester Examination

BENGALI (Honours)

Paper : DSE 4-T

[CBCS]

Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

(রবীন্দ্র সাহিত্য পাঠ)

বিভাগ - ক

যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও। $2 \times 10 = 20$

- ১। 'সে' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে? উৎসর্গ পত্রে যে কবিতাটি রয়েছে সেই কবিতার প্রথম চরণটি লেখো।
- ২। 'সে' গ্রন্থটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়? গ্রন্থটিকে কে চিত্রিত করেছিলেন?
- ৩। 'এক ছিল মোটা কেঁদো বাঘ' কবিতাটি কবে, কোথায়, কী নামে মুদ্রিত হয়েছিল?
- ৪। 'শুনে পুষ্পদিদির মনে হল, কথাটা যুক্তিসংগত।' কথাটা কী তা লেখো।

P.T.O.

- ৫। “বিশেষ আজ আমার মুখ অশুদ্ধ” — কার মুখ অশুদ্ধ? মুখ অশুদ্ধের কারণ কী?
- ৬। ‘মুক্তধারা’ নাটক অবলম্বনে ‘উত্তর কূট’-এর পরিচয় দাও।
- ৭। ‘মুক্তধারা’ নাটক কবে কোথায় সম্পূর্ণ মুদ্রিত হয়েছিল? নাটকটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়?
- ৮। নাট্যকারের মতে ‘মুক্তধারা’ নাটকে ‘যন্ত্রী’, ‘মন্ত্রী’, ‘মানুষ’ বলতে কাকে কাকে বোঝানো হয়েছে?
- ৯। ‘মুক্তধারা’ কী জাতীয় নাটক? এই নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।
- ১০। ‘ভাঙনের যিনি দেবতা তিনি সবসময় বড়ো পথ দিয়ে চলাচল করেন না।’— বক্তা কে? কাকে একথা বলেছেন?
- ১১। ‘ঠাই নাই, ঠাই নাই— ছোটো সে তরী/আমারি সোনার ধানে গিয়েছে ভরি।’ সংক্ষেপে ‘তরী’ ও ‘সোনার ধানে’র অর্থ উল্লেখ করো।
- ১২। ‘নীরব যিনি তাঁহার পায়ে/নীরব বীণা দিব ধরি।’ সংক্ষেপে ব্যাখ্যা করো।
- ১৩। ‘যাহারে পেয়েছি তারে কখন হারাই।’ — কোন্ কবিতার অংশ? কেন একথা বলা হয়েছে?
- ১৪। ‘সাধারণ মেয়ে’ কবিতায় উল্লিখিত গল্পকারের নাম, গল্পের নাম ও নায়িকার নাম লেখো। নায়িকার কত বছর বয়সে মরণ দশা ধরেছিল?

- ১৫। 'সাধারণ মেয়ে' কবিতায় যে গল্প লেখার কথা রয়েছে — সেই গল্পের নায়িকার নাম কী? সেই নায়িকা কী জানে এবং কী জানে না — তা লেখো।

বিভাগ - খ

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। $৫ \times ৪ = ২০$

- ১৬। 'সে' গ্রন্থের চতুর্থ অধ্যায়ে (৪) বর্ণিত 'কনে দেখা'র বিষয়টি'র রসগ্রাহী আলোচনা করো।
- ১৭। 'সে' গ্রন্থের সুকুমার চরিত্রের মূল্যায়ন করো।
- ১৮। 'এই পথের মধ্যে গভীর তাৎপর্যমূলক সংকেত আছে।' 'মুক্তধারা' নাটক সম্পর্কে এরূপ মন্তব্যের সার্থকতা বিচার করো।
- ১৯। 'মুক্তধারা' নাটকে গানের প্রয়োগ কতখানি গুরুত্বপূর্ণ তা সংক্ষেপে আলোচনা করে বুঝিয়ে দাও।
- ২০। 'স্বর্গ হইতে বিদায়' কবিতায় কবি মানবী প্রিয়ার সৌন্দর্য ও প্রেমের জয়গান করেছেন — মন্তব্যটি'র গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।
- ২১। 'রূপসাগরে ডুব দিয়েছি/অরূপ রতন আশা করি' — তাৎপর্য বিশ্লেষণ করো।

P.T.O.

যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও। $১০ \times ২ = ২০$

- ২২। 'সে' গ্রন্থটি শুধু রবীন্দ্রনাথের পরিণত মনের রচনা নয়, এটা অন্যরকম এক আঙ্গিকের রচনা। — মন্তব্যটির সার্থকতা আলোচনা করো।
- ২৩। “ধনঞ্জয় হচ্ছে যন্ত্রের হাতে মারখানেওয়ালার ভিতরকার মানুষ।” — এরূপ মন্তব্যের আলোকে ‘মুক্তধারা’ নাটকের ধনঞ্জয় চরিত্রটি বিশ্লেষণ করে দেখাও।
- ২৪। অনুভূতির তীব্রতায়, প্রকাশের অজস্রতায়, ভাষার মাধুর্য ও ছন্দের সাবলীল গতিতে ‘নির্ব্বরের স্বপ্নভঙ্গ’ কবিতাটি অনবদ্য। — মন্তব্যটির সারবস্তা নির্ণয় করো।
- ২৫। স্মৃতিকাতর এক বাঙালি বালিকা গৃহবধূর অপরূপ বেদনার ছবি অঙ্কিত হয়েছে ‘বধূ’ কবিতায় — মন্তব্যটির গুরুত্ব বিচার করো।
-

অথবা

(উপন্যাস সাহিত্য পাঠ)

বিভাগ - ক

যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও। $2 \times 10 = 20$

- ১। ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসে শশীর বাবার নাম কী? তিনি কীসের কারবার করতেন?
- ২। ‘কাকে ডাকছেন ছোটবাবু, কে যাবে আপনার সঙ্গে?’ — বক্তা কে? তার এরূপ মন্তব্যের কারণ কী?
- ৩। ‘পুতুল বই তো নই আমরা, একজন আড়ালে বসে খেলাচ্ছেন’ — সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।
- ৪। হারু ঘোষ কে? তোমার পাঠ্যাংশ অবলম্বনে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৫। ‘পুতুল নাচের ইতিকথা’-য় যাদব পণ্ডিতের মৃত্যুর ঘটনাটি সংক্ষেপে লেখো।
- ৬। ‘তুঙ্গভদ্রার তীরে’ উপন্যাসের ‘উর্মিমর্মর’ অংশটি অনুসরণে তুঙ্গভদ্রা নদীর পরিচয় ও যাত্রাপথ সম্পর্কে লেখো।
- ৭। ‘তুঙ্গভদ্রার তীরে’ উপন্যাসের শুরুতে কোন্ মাসের কথা আছে? কাহিনিতে কত শকাব্দের উল্লেখ আছে?

P.T.O.

- ৮। 'তিনটি নৌকা আগে পিছে চলিয়াছে' — 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাস অনুসরণে নৌকা তিনটির বিবরণ দাও।
- ৯। 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসে উল্লিখিত সঙ্গম বংশীয় দুই ভাইয়ের নাম কী?
- ১০। 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসে মন্দোদরী কে? তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১১। 'একখানি শাড়ি বুনতে কয়েক মাসের ধাক্কা' — কোন্ শাড়ির কথা বলা হয়েছে? সেই শাড়ি বাদশাহী আমলে কিভাবে বোনা হত তা পাঠ্যাংশ অনুসরণে লেখো।
- ১২। 'বানিদার' ও 'গলানি' কাদের বলা হত? তোমার পাঠ্যাংশ অনুসরণে লেখো।
- ১৩। 'টানাপোড়েন' উপন্যাস অনুসরণে তাঁত বোনায় নকশাদারের ভূমিকাটি বর্ণনা করো।
- ১৪। 'টানাপোড়েন' উপন্যাসের চারটি অপ্রধান চরিত্রের নাম লেখো।
- ১৫। 'ইয়াতে আমি খুশি হইচি' — কে, কাকে বলেছে? বক্তার খুশি হওয়ার কারণ কী?

বিভাগ - খ

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। $৫ \times ৪ = ২০$

- ১৬। 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের কাহিনিতে বিধৃত মৃত্যুচেতনার স্বরূপ বিশ্লেষণ করো।

- ১৭। ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসে মতি চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।
- ১৮। ‘তুঙ্গভদ্রার তীরে’ উপন্যাসে ঐতিহাসিকতা কতদূর রক্ষিত হয়েছে সে প্রসঙ্গে সংক্ষেপে লেখো।
- ১৯। ‘তুঙ্গভদ্রার তীরে’ উপন্যাস অবলম্বনে অর্জুন বর্মা চরিত্রটির পরিচয় দাও।
- ২০। ‘টানাপোড়েন’ উপন্যাস অনুসরণে তাঁতিসমাজের নৈমিত্তিক জীবনচিত্রের পরিচয় দাও।
- ২১। ‘টানাপোড়েন’ উপন্যাসে অভয় খান চরিত্রটির গুরুত্ব কতখানি তা আলোচনা করো।

বিভাগ - গ

যে কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও। $10 \times 2 = 20$

- ২২। ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসে গাওদিয়ার গ্রামজীবনের পরিচয় দাও।
- ২৩। ‘শশী অন্তর্মুখী চরিত্র - তার মনের সঙ্গে বহিঃ পৃথিবীর অসঙ্গতিই চরিত্রটিকে দ্বন্দ্বময় করে তুলেছে’ — উক্ত মন্তব্যের আলোকে ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসের শশী চরিত্রটি পর্যালোচনা করো।

২৪। 'তুঙ্গভদ্রার তীরে' উপন্যাসে বিদ্যুন্মালা ও মণিকঙ্কণার চরিত্র পরিকল্পনায় শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের দৃষ্টিভঙ্গির স্বরূপ বুঝিয়ে দাও।

২৫। আঞ্চলিক উপন্যাস হিসেবে 'টানাপোড়েন'-এর সার্থকতা বিচার করো।

৪ - পত্রিকা

৩৩-৩৪৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬

৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬

৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬

৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬

৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬

৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬ ৪৩৩৬

অথবা

(প্রকৃতিচেতনামূলক, জাতীয়তামূলক ও বিশ্বমানবতামূলক সাহিত্যপাঠ)

বিভাগ - ক

যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

- ১। ‘নবজাতক’ কাব্যগ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো। এই কাব্যের কতগুলো কবিতা ইংরেজিতে অনূদিত হয়েছিল?
- ২। ‘ক্যান্ডিয় নাচ’ কবিতায় কবি কোথায় সেই নাচ দেখেছিলেন? কবিতাটির রচনাস্থান কোথায়?
- ৩। ‘তিমিরে অনন্যকায় শূন্য ধরাতল’ — কার, কোন্ রচনা থেকে নেওয়া?
- ৪। ‘নবজাতক’ কাব্যের কোন্ দুটি কবিতা কবির জন্মদিনে লেখা? যেকোনো একটি কবিতার রচনাকাল উল্লেখ করো।
- ৫। ‘নবজাতক’ কাব্যের এমন তিনটি কবিতার নাম লেখো, যেখানে যুদ্ধের প্রসঙ্গ আছে।
- ৬। ‘পলাশীর যুদ্ধ’ কাব্যে দ্বিতীয় সর্গের ও পঞ্চম সর্গের বিষয়বস্তু উল্লেখ করো।
- ৭। ‘পলাশীর যুদ্ধ’ কী জাতীয় রচনা? কাব্যটি কোন্ হৃদে লেখা?
- ৮। ‘পলাশীর যুদ্ধ’ প্রকাশ হওয়ার পর প্রথম কোথায় অভিনীত হয়? সেটির প্রতিষ্ঠাকাল কত?

P.T.O.

- ৯। ‘সে মহানগরী, ভাবনার সাগরে কেন আজি ভাসমান?’ —
এখানে কোন্ মহানগরীর কথা বলা হয়েছে? সে মহানগরী
ভাবনার সাগরে কেন ভাসমান?
- ১০। ‘নাচায় পুতুল যথা দক্ষ বাজি করে / নাচাও তেমতি তুমি
অব্বাচীন নরে।’ — সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।
- ১১। ‘খুপরি’ কি? ‘দুখিয়া ফুল’ কোথায় হয়?
- ১২। ঈশ্বরী প্রসাদ দুবে কোন্ পত্রিকার সম্পাদক ছিলেন? ‘ঘাটো’ কি?
- ১৩। ‘জীবনের সময়টাই বড় কম’ — উদ্ধৃতিটি কোথা থেকে নেওয়া?
বক্তা কে?
- ১৪। ‘এই বনভূমির সে যেন বনলক্ষ্মী’ — এই মন্তব্য কার প্রতি
উদ্দেশ্য করে? ‘আরণ্যক’ উপন্যাসে কাকে অরণ্যপ্রেমী ব্যক্তি বলা
হয়েছে?
- ১৫। উদীয়মান চন্দ্রের পটভূমিকায় বনঝাউয়ের ডালকে কার আঁকা ছবি
বলে মনে হয়েছিল? তিনি কোন্ দেশের লোক?

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। $৫ \times ৪ = ২০$

- ১৬। ‘নবজাতক’ কাব্যের নাম কবিতার মূল ভাবটি সংক্ষেপে লেখো।
- ১৭। ‘কে বলিতে পারে তোমার ললাটে লিখা
কোন সাধনার অদৃশ্য জয়টিকা’ — উদ্ধৃতাংশটির অন্তর্নিহিত
তাৎপর্য ব্যাখ্যা করো।

- ১৮। ‘পলাশীর যুদ্ধ’ কাব্যের ৫ম সর্গটির নাম কী? এরূপ নামকরণের কারণ নির্দেশ করো।
- ১৯। ‘পলাশীর যুদ্ধ’ কাব্যটির ভাষা সম্পর্কে সংক্ষেপে তোমার অভিমত ব্যক্ত করো।
- ২০। ‘অমন করুণ দৃশ্য কখনও দেখি নাই’ — করুণ দৃশ্যটি কি?
- ২১। ‘তিনিই প্রেম ও রোমান্স, কবিতা ও সৌন্দর্য, শিল্প ও ভাবুকতা’ — বক্তা কে? কথকের এ কথা বলার কারণ কী?

বিভাগ - গ

যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও। $10 \times 2 = 20$

- ২২। ‘আমার কাব্যের ঋতু পরিবর্তন ঘটেছে বারে বারে’ — ‘নবজাতক’ কাব্যের কয়েকটি কবিতা অবলম্বনে এই ঋতু পরিবর্তনের পরিচয় দাও।
- ২৩। ‘নবজাতক’ কাব্যের নামকরণের তাৎপর্য ও সার্থকতা আলোচনা করো।
- ২৪। ‘পলাশীর যুদ্ধ’ অবলম্বনে নবীনচন্দ্র সেনের কবি প্রতিভার দিকটি আলোকিত করো।
- ২৫। ‘আরণ্যক’ উপন্যাসে অরণ্য প্রকৃতির যে বিচিত্র রূপ ফুটে উঠেছে, তার পরিচয় দাও।

P.T.O.

অথবা

(বাংলা সাহিত্য এবং চিত্র, চলচ্চিত্র ও ক্রীড়া)

বিভাগ - ক

যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও। $2 \times 10 = 20$

- ১। সুবোধ ঘোষের 'অযান্ত্রিক' ছোটগল্পটিকে কে, কত সালে চলচ্চিত্রে রূপ দিয়েছিলেন?
- ২। শরদ্দিন্দুর 'বিন্দের বন্দী' উপন্যাসটিকে কে, কত সালে চলচ্চিত্রে রূপ দিয়েছিলেন?
- ৩। তারাশঙ্করের দুটি আঞ্চলিক উপন্যাসের নাম লেখো, যেগুলি চলচ্চিত্রায়ন হয়েছে।
- ৪। রবীন্দ্রনাথের 'মানভঞ্জন' কত সালে কার পরিচালনায় চলচ্চিত্রে রূপ পেয়েছিল? ১+১
- ৫। বঙ্কিমচন্দ্রের 'বিষবৃক্ষ' কত সালে প্রথম কার পরিচালনায় চলচ্চিত্রে রূপ পেয়েছিল? ১+১
- ৬। কলকাতার ফুটবল নিয়ে লেখা শান্তিপ্রিয় বন্দ্যোপাধ্যায়ের দুটি গ্রন্থের নাম লেখো।
- ৭। 'স্ট্রাইকার' উপন্যাসটি কত সালে চলচ্চিত্রে রূপ পায়? এই চলচ্চিত্রের পরিচালক কে ছিলেন? ১+১
- ৮। ক্রিকেটকে কেন্দ্র করে লেখা শঙ্করীপ্রসাদ বসুর দুটি গ্রন্থের নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

- ৯। ‘কোনি’ উপন্যাসটি কার লেখা? কত সালে এই উপন্যাসের চলচ্চিত্রায়ন ঘটেছিল? ১+১
- ১০। ‘ঠাকুমার বুলি’ কার লেখা? এই গ্রন্থের চিত্রগুলি কে অঙ্কন করেছিলেন? ১+১
- ১১। ‘সহজ চিত্রশিক্ষা’ গ্রন্থটি কার লেখা? গ্রন্থটির মধ্যে অঙ্কিত চিত্রগুলি কে অঙ্কন করেছেন?
- ১২। ‘সহজ পাঠ’ (১ম ও ২য়) গ্রন্থে অঙ্কিত চিত্রগুলি কে অঙ্কন করেছেন?
- ১৩। পরশুরামের গল্পের সঙ্গে অঙ্কিত চিত্রগুলির চিত্রকার কে?
- ১৪। নন্দলাল বসুর আঁকা বিখ্যাত তিনটি চিত্রের নাম লেখো।
- ১৫। অবনীন্দ্রনাথ ঠাকুরের আঁকা বিখ্যাত চারটি চিত্রের নাম লেখো।

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

- ১৬। বিভূতিভূষণের সাহিত্যের চলচ্চিত্রায়ন সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ১৭। রবীন্দ্র-সাহিত্যের চলচ্চিত্রায়নে সত্যজিৎ রায়ের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।
- ১৮। বাংলা ক্রীড়াসাহিত্যে মতি নন্দীর কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

P.T.O.

- ১৯। বাংলা ক্রীড়াসাহিত্যে শান্তিপ্রিয় বন্দ্যোপাধ্যায়ের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।
- ২০। ‘অবন ঠাকুর ছবি লেখেন’ — বাংলা চিত্রকলার ইতিহাসে অবনীন্দ্রনাথ ঠাকুরের অবদান সংক্ষেপে আলোচনা করো।
- ২১। পটচিত্র ও পটকথার সম্পর্ক সংক্ষেপে আলোচনা করো।

বিভাগ - গ

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। $10 \times 2 = 20$

- ২২। বাংলা নাটকের চলচ্চিত্রায়ন সম্পর্কে আলোচনা করো।
- ২৩। শরৎ-সাহিত্যের চলচ্চিত্রায়ন সম্পর্কে আলোচনা করো।
- ২৪। বাংলা ক্রিকেট সাহিত্যে শঙ্করীপ্রসাদ বসুর অবদান আলোচনা করো।
- ২৫। বাংলা চিত্রকলার ইতিহাসে নন্দলাল বসুর অবদান আলোচনা করো।